


ড. সুব্রত কুমার দে

ড. দীনবন্ধু কুণ্ডু

সম্পাদিত



বিশ্ব  
শতাব্দীর  
ব্যঙ্গ  
দেওগাঁও

শিকড়ের

মঞ্চাণ্ডে



**Bish Shotoker Bangla Chhotogolpo : Shikorer Sandhane**  
Edited by Dr. Subrata Kumar De, Dr. Dinabandhu Kundu  
Published by Dr. Jhuma Roychowdhury  
Anjali Prokashani,  
'Vidyasagar Tower', Shop No. 16 (1st Floor)  
15, Shyamacharan Dey Street, Kolkata-700 073

প্রথম প্রকাশ : জানুয়ারি ২০২১

প্রচ্ছদ : শুভম খাঁ

© : ড. সুব্রত কুমার দে / ড. দীনবন্ধু কুণ্ডু

ISBN : 978-81-943963-6-9

### সর্বস্বত্ব সংরক্ষিত

স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। কোনো যান্ত্রিক উপায়ের (গ্রাফিক্স, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম যেমন ফটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রকাশক :

ড. বুম্বা রায়চৌধুরী, অঞ্জলি প্রকাশনী

'বিদ্যাসাগর টাওয়ার' ১৫, শ্যামাচরণ দে স্ট্রিট, শপ-১৬ (দোতলা)

কলকাতা-৭০০ ০৭৩

Phone : 9836258380 / 8240527449

Web : [www.anjaliprokashani.com](http://www.anjaliprokashani.com)

Email : [anjaliprokashani@hotmail.com](mailto:anjaliprokashani@hotmail.com)

মুদ্রক :

লক্ষ্মীনারায়ণ প্রিন্টিং ওয়ার্কস, ২০৯ এ, বিধান সরণী, কলকাতা-৭০০ ০০৬

মূল্য : ৬৫০.০০

## সূচিপত্র

১.	আরম্ভের পূর্বেও আরম্ভ আছে। সন্ধ্যাবেলায় দীপ জ্বালার আগে সকালবেলায় সলতে পাকানো ...	i - xxxviii
২.	পরশুরামের গল্প : পুনর্পাঠ পবিত্র সরকার	১
৩.	প্রাক-স্বাধীনতা পূর্বে বাংলা ছোটোগল্পের গতিপ্রকৃতি গুরুপদ অধিকারী	১৬
৪.	সমরেশ বসুর ছোটোগল্প : প্রসঙ্গ নকশালবাদী আন্দোলন সুজিত কুমার পাল	৪০
৫.	তিন কন্যার প্রতিবাদী প্রতিবেদন : মহাশ্বেতার সৃজন কৌশিক দাশগুপ্ত	৪৮
৬.	বাংলা ছোটোগল্পের উপসংহার : স্বাতন্ত্র্যের সন্ধানে ঋতম্ মুখোপাধ্যায়	৫৬
৭.	সমরেশ বসুর 'আদাব' : সূর্যের দীপ্তি নাকি নিশার স্বপন! সুব্রত কুমার দে	৬৮
৮.	'পুইমাচা' : পথের পাঁচালির প্রথম পাঠ সৌগত চট্টোপাধ্যায়	৮৩
৯.	সুবোধ ঘোষের 'ফসিল' : সর্বহারা শ্রেণীর আর্তনাদ দীনবন্ধু কুণ্ডু	৯৬
১০.	'প্রাগৈতিহাসিক' ছোটোগল্পে শাস্ত্রত জীবনচেতনা শংকরদেব মন্ডল	১০৫
১১.	নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'টোপ' : অনিশেষ শোষণ ও নিষ্ঠুরতার কাহিনি সুনেত্রী ব্যানার্জী	১১৮
১২.	'জলসাঘর' : সময়ের প্রেক্ষিতে আরও একবার ফিরে দেখা উমানাথ ব্যানার্জী	১২৭
১৩.	নরেন্দ্রনাথ মিত্রের 'রস' : ভিন্নপাঠ-ভিন্নতর প্রেক্ষিত নির্মল চট্টোপাধ্যায়	১৩৫
১৪.	প্রেমেন্দ্র মিত্রের 'তেলেনাপোতা আবিষ্কার' : কথকের আত্ম-অন্বেষণ প্রতাপ কুমার সাহানা	১৪৫
১৫.	সন্তোষকুমার ঘোষের 'ভেবেছিলাম' : সুস্থ স্বপ্নের অসুস্থ পরিণতি দীপঙ্কর ঘোষ	১৫৭

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'টোপ' :  
অনিঃশেষ শোষণ ও নিষ্ঠুরতার কাহিনি

ড. সুনত্রা ব্যানার্জী

সারসংক্ষেপ

নারায়ণ গঙ্গোপাধ্যায় একদিকে যেমন ছিলেন সাহিত্যের অধ্যাপক ও তাত্ত্বিক সমালোচক তেমনই অন্যদিকে কথাসাহিত্যিক হিসেবেও উল্লেখযোগ্য। বিশ শতকের চারের দশকে যুদ্ধ, মন্ত্রস্তর, দাঙ্গার সময়ে তাঁর সাহিত্য জগতে আবির্ভাব। সমাজ সচেতন লেখকের 'টোপ' গল্পটি আমাদের আলোচ্য। এই গল্পে জমিদার রাজাবাহাদুর এন আর চৌধুরির আদ্যন্ত সামন্ততান্ত্রিক শোষণের চিত্র কত ভয়ানক তা মূল প্রবন্ধে আলোচনা করা হবে। দ্বিতীয়ত মধ্যবিত্ত শিক্ষিত তোষামোদকারী কথক কী ভাবে রাজা বাহাদুরের প্রতি মুগ্ধতা ও কৃতজ্ঞতাবশে অপরাধকে তোষণ করে চলেন তাও বলা হবে। টোপ শব্দের অর্থ বৃহত্তর প্রেক্ষিতে গল্পে কীভাবে ব্যঞ্জিত হয়েছে তা দেখানোই আমাদের মূল গবেষণার লক্ষ্য।

সূচক শব্দ : সামন্ততন্ত্র, শোষণ, তোষামোদ, মুগ্ধতা, কৃতজ্ঞতাবোধ।

মূল প্রবন্ধ

বিশ শতকের চার-ছয়ের দশকের বিশিষ্ট কথাসাহিত্যিক হলেন তারক ওরফে নারায়ণ গঙ্গোপাধ্যায়। একইসঙ্গে তিনি বাংলা সাহিত্যের অধ্যাপক এবং সাহিত্যের তাত্ত্বিক সমালোচক। সাহিত্যের অধ্যাপক হওয়ার সুবাদে সাহিত্যের শব-ব্যবচ্ছেদ করাই তাঁর পক্ষে স্বাভাবিক। কিন্তু তিনি হয়ে উঠলেন কথাসাহিত্যের জগতে উজ্জ্বল জ্যোতিষ্ক। ছোটোগল্প থেকে উপন্যাস সর্বত্র তাঁর সহজ যাতায়াত। এমনকি শিশু সাহিত্যের অঙ্গনেও তিনি উল্লেখযোগ্য কথাকার।

নারায়ণ গঙ্গোপাধ্যায় জন্মেছিলেন উত্তরবঙ্গের দিনাজপুর জেলার বালিডাঙ্গা গ্রামে। যদিও পিতৃপুরুষের আদি বাসস্থান ছিল বর্তমানে বাংলাদেশের বরিশাল